

B.A. 3rd Semester (Honours) Examination, 2021(CBCS)

বাংলা (সাম্মানিক)

Course - CC-7

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় - তিন ঘণ্টা

পূর্ণমান -৬০

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :

৬ x ৫= ৩০

- ক) গীতিকাব্য কাকে বলে? সংক্ষেপে 'সারদামঙ্গল' কাব্যের গীতিকাব্যিক আবেদন তুলে ধরো।
- খ) 'সারদামঙ্গল' কাব্যের কোন্ সর্গে নন্দনকাননের বর্ণনা আছে? কাব্যে বর্ণিত নন্দনকাননের বিবরণ দাও।
- গ) 'সারদামঙ্গল' কাব্যের আখ্যাপত্রে উল্লিখিত শ্লোকটি কার লেখা, কোন্ গ্রন্থ থেকে সংকলিত? শ্লোকটির অর্থ লেখো। 'সারদামঙ্গল' কাব্যে যে ত্রিবিধ বিরহের কথা আছে - সেই ত্রিবিধ বিরহ কী কী?
- ঘ) 'সারদামঙ্গল' কাব্যের নামকরণে 'মঙ্গল' শব্দটি ব্যবহারের তাৎপর্য বুঝিয়ে দাও।
- ঙ) উর্বশীর পত্রটি 'বীরাঙ্গনা' কাব্যের কত সংখ্যক পত্র? পত্রিকাটি অবলম্বনে উর্বশীর বীরাঙ্গনাসত্তার পরিচয় দাও।
- চ) "পরম অধর্মাচারী রঘুকুলপতি"-কে, কার সম্পর্কে, কেন কথাগুলি বলেছেন? কথাগুলির প্রেক্ষিতে বক্তার মানসিকতার পরিচয় দাও।
- ছ) সংক্ষেপে 'বীরাঙ্গনা' কাব্যের প্রাচ্য প্রভাব তুলে ধরো। কাব্যটিতে ক'টি অসম্পূর্ণ পত্রিকা আছে?
- জ) "কোন অভিমানে - রাজবেশ ত্যজিলা হে উদাসীর বেশে?"- বক্তা কে? এই বক্তব্যের প্রসঙ্গ নির্দেশ করো।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩ x ১০ = ৩০

- ক) 'বীরাঙ্গনা' কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছে ? 'বীরাঙ্গনা' কাব্যটির নামকরণের সার্থকতা আলোচনা করো।
- খ) 'বীরাঙ্গনা' কাব্যের প্রকাশকাল লেখো। জনা কোন্ কোন্ দিক দিয়ে যথার্থ বীরাঙ্গনা চরিত্র হয়ে উঠেছে তা আলোচনা করো।
- গ) 'বীরাঙ্গনা' কাব্যের 'সোমের প্রতি তারা' পত্রের তারা চরিত্রটির উৎস লেখো। তারা ব্যক্তিত্বময়ী, সচেতন আধুনিক নারী—মন্তব্যটির আলোকে তারার প্রেমচেতনা বিশ্লেষণ করো।
- ঘ) বিহারীলাল যত বড়ো ভাবুক তত বড়ো কবি ছিলেন না। -- 'সারদামঙ্গল' অবলম্বনে মন্তব্যটির সার্থকতা বিচার করো।
- ঙ) 'সারদামঙ্গল' কাব্যে ত্রিকালের সারদার যে পরিচয় আছে তার স্বরূপ বিশ্লেষণ করো।